



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা



স্মারক নং ৭জি/১৩৬৭(ক-৩)/২০০৬/৪২/৪

তারিখ : ০৪/০১/২০২২ খ্রি.

বিষয় : নীলফামারী জেলার ডিমলা উপজেলাধীন জনতা ডিগ্রি কলেজের প্রভাষক (সমাজবিজ্ঞান) জনাব মো: আফতাব হোসেন এর এমপিওভুক্তকরণ প্রসঙ্গে।

সূত্র : রিট পিটিশন নং ৩৭২/২০১৮ এর রায় বাস্তবায়ন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার ডিমলা উপজেলাধীন জনতা ডিগ্রি কলেজের প্রভাষক (সমাজবিজ্ঞান) জনাব মো: আফতাব হোসেন এমপিওভুক্ত হওয়ার জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৩৭২/২০১৮ দায়ের করেন। উক্ত রিট পিটিশন শুনানিশেষে মহামান্য হাইকোর্ট বিভাগ Rule Absolute করে রায় প্রদান করেন। উক্ত রায়ে পিটিশনারকে যোগদানের তারিখ অর্থাৎ ৩০.০১.২০০৫ খ্রি. তারিখ থেকে এমপিওভুক্ত করার জন্য বিবাদীগণকে নির্দেশ প্রদান করেন। মহামান্য হাইকোর্ট বিভাগের উক্ত রায় ও আদেশের বিরুদ্ধে মাউশি অধিদপ্তর থেকে সুপ্রিম কোর্টের আপিল বিভাগে আপিল দায়েরের প্রস্তাব প্রেরণ করা হলে আপিল নং ৯৪৭/২০১৯ দায়ের হয়। উক্ত আপিল শুনানিশেষে বিগত ০৮/০৩/২০২০ খ্রি. তারিখে মহামান্য আপিল বিভাগ কর্তৃক হাইকোর্ট বিভাগের রায় ও আদেশ পরিবর্তন করা হয় এবং আপিল বিভাগের রায়ে পিটিশনারকে হাইকোর্ট বিভাগের রায়/আদেশের তারিখ অর্থাৎ ০৭/১০/২০১৮ খ্রি. তারিখ থেকে এমপিওভুক্ত করার জন্য বিবাদীগণকে নির্দেশ প্রদান করা হয়।

বিজ্ঞ আইন উপদেষ্টার মত হলো : মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের রায় ও আদেশ অনুসারে পিটিশনারকে ০৭/১০/২০১৮ খ্রি. তারিখ অর্থাৎ মহামান্য হাইকোর্ট বিভাগের রায়ের তারিখ থেকে এমপিওভুক্ত করা যেতে পারে।

এমপিওভুক্তকরণের বিষয়টি সিদ্ধান্তের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নভেম্বর/২০২১ মাসের এম.পি.ও কমিটির সভায় উপস্থাপন করা হয়। কমিটির সিদ্ধান্ত : জনাব মো: আফতাব হোসেন, প্রভাষক (সমাজবিজ্ঞান)কে মহামান্য হাইকোর্টের রায়ের তারিখ হতে হিসাব যাচাইপূর্বক বকেয়াসহ এমপিওভুক্তির বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, নভেম্বর/২০২১ মাসের এম.পি.ও কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক নীলফামারী জেলার জনতা ডিগ্রি কলেজের জনাব মো: আফতাব হোসেন, প্রভাষক (সমাজবিজ্ঞান)কে মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রিট পিটিশন নং ৩৭২/২০১৮ এবং আপিল মামলা নং ৯৪৭/২০১৯ এর রায়ের তারিখ থেকে (রায়ের তারিখ ০৭/১০/২০১৮) বকেয়ার হিসাব যাচাই করে এমপিওভুক্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রংপুর অঞ্চল, রংপুর।

বিতরণ :

- (১) সভাপতি, গভর্নিং বডি, জনতা ডিগ্রি কলেজ, ডিমলা, নীলফামারী;
- (২) অধ্যক্ষ, জনতা ডিগ্রি কলেজ, ডিমলা, নীলফামারী (অনলাইনে আবেদন দাখিল করার জন্য বলা হলো)
- (৩) জনাব মো: আফতাব হোসেন, প্রভাষক (সমাজবিজ্ঞান), জনতা ডিগ্রি কলেজ, ডিমলা, নীলফামারী;
- (৪) সংরক্ষণ নথি।

(E-File)-.Delwar-F.c

Atced 4.1.22
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক(কলেজ-৩)
ফোন নং ৯৫৫৬০৫৭